# জরুরী বিজ্ঞপ্তি

বেসরকারী মেডিকেল কলেজ হাসপাতাল, ডেন্টাল কলেজ হাসপাতাল, সাধারন হাসপাতাল/ক্লিনিক, নার্সিং হোম, ডায়াগনষ্টিক সেন্টার, প্যাথলজিক্যাল ল্যাব, ডেন্টাল ক্লিনিক ও ব্লাড ব্যাংক পরিচালনার জন্য জরুরী নির্দেশাবলী ঃ-

১) বেসরকারী স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান সমূহ পরিচালনার জন্য বিদ্যমান আইনে স্বাস্থ্য অধিদপ্তর থেকে বাধ্যতামূলকভাবে লাইসেন্স গ্রহন করতে হবে। লাইসেন্স ব্যাতিরেকে পরিচালিত প্রতিষ্ঠান সমূহ অবৈধ হিসাবে বিবেচিত হবে। অবৈধ প্রতিষ্ঠান পরিচালনা করা আইনত ঃ দন্ডনীয় অপরাধ।

২) লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠানসূমহকে প্রতি অর্থবছরের জন্য নবায়ন করতে হবে। নতুন প্রতিষ্ঠান স্থাপন এবং লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠানের লাইসেন্স নবায়নের ক্ষেত্রে স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইটে (www.dghs.gov.bd). "বেসরকারি প্রতিষ্ঠান নিবন্ধন" ও অতঃপর "লাইসেন্স ফি" লিংকে অথবা সরাসরি hsmdghs/files/RegistrationFee.pdf লিংকে প্রকাশিত স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রনালয়ের সর্বশেষ জারীকৃত পরিপত্র অনুযায়ী লাইসেন্স/ নবায়ন ফি (১৫% ভ্যাটসহ) সঠিক কোডে পরিশোধ এবং প্রয়োজনীয় তথ্য ও কাগজপত্র আপলোড করাসহ স্বাস্থ্য অধিদপ্তরে বিদ্যমান অনলাইন সিষ্টেমে সঠিকভাবে আবেদন সম্পন্ন করতে হবে।

৩) পূর্বে বিভিন্ন সময়ে স্বাস্থ্য অধিদপ্তর কতৃক লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠান গুলোকে অবশ্যই প্রথমে ২০১৮-২০১৯ অর্থবছরের জন্য অনলাইনে লাইসেন্স প্রাপ্ত হতে হবে। ২০১৮-২০১৯ অর্থবছরের জন্য লাইসেন্স প্রাপ্ত না হলে ২০১৯-২০২০ সাল বা পরবর্তী মেয়াদ কালের জন্য অনলাইনে আবেদন করা যাবেনা বা গ্রহনযোগ্য হবেনা।

৪) আবেদনকৃত প্রতিষ্টানসমূহকে প্রয়োজনীয় জনবলের তথ্য প্রদানের ক্ষেত্রে (কর্তব্যরত ডাক্তার,নার্স, মেডিকেল টেকনোলজিষ্ট/অন্যান্য) অবশ্যই নিজ প্রতিষ্ঠানে নিয়োগকৃতদের নাম অন্তভূক্ত করতে হবে। **অন্যকোন প্রতিষ্ঠানের নিয়োগপ্রাপ্ত জনবলের তথ্য প্রদান বা কারো অনুমতি ব্যতিত তাহার রেজিঃ নং ব্যবহার করে তথ্য প্রদান প্রমাণিত হলে প্রতিষ্ঠানের কার্যক্রম বন্ধ ও লাইসেন্স বাতিলসহ সকল আইননুগ ব্যবস্থা গ্রহন করা হবে।**

৫) আবেদনকারী প্রতিষ্ঠানকে প্রাপ্ত কোড নিয়ে নিয়মিত বিরতিতে ``Application status `` check করতে হবে। স্বাস্থ্য অধিদপ্তর থেকে রিভিউশেষে Pending করা প্রতিষ্ঠানের ক্ষেত্রে অবশ্যই নিদের্শনা মোতাবেক প্রয়োজনীয় সকল তথ্যের সংশোধন ও কাগজ পত্রের আপলোড করা ছাড়া পুন: দাখিল (Resubmit) করা যাবেনা। যতক্ষন পর্যন্ত আবেদন status ``completed`` না হবে ততক্ষন পর্যন্ত সেই আবেদন system process করবে না। **আবেদন অনলাইনে করার অর্থ আবেদন সম্পন্ন হওয়া নয়।** যতক্ষন পর্যন্ত আবেদন সুসম্পন্ন অর্থাৎ প্রয়োজনীয় চাহিদা পূরণ (ডকুমেন্ট ও অন্যান্য) না হবে ততক্ষন পর্যন্ত স্বাস্থ্য অধিদপ্তরের পক্ষে পরবর্তী পদক্ষেপ গ্রহন করা সম্ভব হবে না। সঠিক ভাবে আবেদন complete হওয়ার পর অত্র শাখা লাইসেন্স প্রদানের নিমিত্তে পরবর্তী পদক্ষেপ গ্রহন করবে।

৬) মহামান্য হাইকোর্টের নির্দেশ মোতাবেক প্রদত্ত সেবাসমূহসহ বিভিন্ন প্যাথলজিক্যাল পরীক্ষা-নিরীক্ষার মূল্য তালিকা প্রতিষ্ঠানের উন্মুক্ত এবং দৃশ্যমান স্থানে প্রদর্শন নিশ্চিত করতে হবে। প্রতিটি ল্যাব টেস্টের Result মানসম্মত কিনা নিশ্চিত হয়ে রিপোর্ট প্রদান করতে হবে। নিয়মিতভাবে প্রতিটি ল্যাবে QC (Quality Control) নিশ্চিত করতে হবে।

৭) স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রদত্ত লাইসেন্স অবশ্যই সর্বসাধারণের জন্য উন্মুক্ত এবং দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে।

৮) যে সকল শর্তে (প্রয়োজনীয় জনবল, ভৌত কাঠামো, যন্ত্রপাতি ও তথ্যাদি) রেজিস্ট্রেশন প্রদান করা হয়েছে তা ভঙ্গ হলে যে কোন সময় লাইসেন্স/রেজিস্ট্রেশন বাতিল করা হবে।

৯) স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক অনুমোদনহীন এবং মেয়াদোত্তীর্ন কোন বেসরকারী স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানে বিএমডিসি রেজিস্ট্রেশন প্রাপ্ত চিকিৎসকদের স্বাস্থ্যসেবা প্রদান না করার জন্য অনুরোধ করা হচ্ছে।

১০) বিশেষায়িত সেবা (ICU, CCU, Dialysis, NICU সহ অন্যান্য বিশেষ সেবা) প্রদানের ক্ষেত্রে অবশ্যই যথাযথ (Standard) মান বজায় রাখতে হবে। মানহীন বিশেষায়িত সেবা প্রদানের অভিযোগ প্রমাণিত হলে প্রতিষ্ঠানটির লাইসেন্স বাতিলসহ অন্যান্য কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১) বেসরকারী মেডিকেল কলেজ স্থাপন ও পরিচালনা নীতিমালা ২০১১ (সংশোধিত) অনুযায়ী প্রতিটি বেসরকারী মেডিকেল কলেজ হাসপাতালে দরিদ্র জনগণের জন্য অগ্রাধিকার ভিত্তিতে বিনা ভাড়ায় অন্তত ঃ ১০% বেড সংরক্ষণসহ ফ্রি চিকিৎসা নিশ্চিত করতে হবে। প্রতিটি বেসরকারী মেডিকেল কলেজ হাসপাতালের মানসম্মত সার্বক্ষণিক জরুরী বিভাগ নিশ্চিত করতে হবে। বেসরকারী মেডিকেল কলেজ হাসপাতাল হিসাবে চালু হওয়ার পর থেকে অদ্যাবধি কত জন রোগীকে বিনা মূল্যে চিকিৎসা প্রদান করা হয়েছে তার একটি কমপ্লায়েন্স রিপোর্ট আগামি ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে প্রদত্ত ই-মেইলে প্রেরণ করতে হবে।

১২) সকল বেসরকারী স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানে পর্যাপ্ত অগ্নিনির্বাপণ ব্যবস্থা নিশ্চিত করাসহ নিয়মিত মহড়ার ব্যবস্থা করতে হবে।

১৩) বেসরকারী স্বাস্থ্যসেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহে মানসম্মত সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে আইন প্রয়োগকারী সংস্থার সহযোগিতায় স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক নিয়মিত অভিযান পরিচালনা করা হবে। মানহীন কোন প্রতিষ্ঠানের কার্যক্রম পরিচালনা কোনভাবেই গ্রহণযোগ্য হবে না।


(ডাঃ মোঃ আমিনুল হাসান) ১৯/১০/২০১৯

পরিচালক, (হাসপাতাল ও ক্লিনিক সমূহ)

স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।

ফোন নং-৫৫০৬৭১৫০ ফ্যাক্স-৫৫০৬৭১৫১

E-mail: directorhospital@ld.dghs.gov.bd